

৩,৬০০ (তিনহাজার ছয়শত) পিস ইয়াবা ও ইয়াবা বিক্রিত  
১০,০০০/- টাকা সহ একজন শীর্ষ মাদক ব্যবসায়ী গ্রেফতার।



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের একটি চৌকশ টিম অদ্য ০২/০৪/২০১৭ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকা হতে ০৪.৫০ ঘটিকায় যাত্রাবাড়ী থানাধীন দনিয়া বাজার রোডস্থ জনাব কামরুল হাছান এর বাড়ীর ৫ তলা বিল্ডিং এর ৪র্থ তলার পূর্ব পার্শ্বের ফ্ল্যাটে অভিযান পরিচালনা করে ৩,৬০০ (তিন হাজার ছয়শত) পিস ইয়াবা এবং মাদক বিক্রিত ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ ০১

(এক) শীর্ষ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীর নাম মোঃ রফিক চৌকিদার (২৮), পিতা : মৃত মুনু চৌকিদার, সাং- চৌকিদারকান্দি, বড় গোপালপুর, থানা : জাজিরা, জেলা : শরিয়তপুর। উক্ত আসামীকে দীর্ঘ সময় ধরে নজরদারীতে রাখা হয়েছিল। তিনি টেকনাফ হতে বিপুল পরিমাণ ইয়াবা ট্যাবলেট এনে তার দখলীয় ফ্ল্যাটে রেখে ঢাকা শহর ও বরিশালের বিভিন্ন ইয়াবা ব্যবসায়ীদের নিকট পাইকারী মূল্যে বিক্রি করতেন। উক্ত আসামী মাদক সিডিকেটের সক্রিয় সদস্য বলে গোপন তথ্যে জানা যায় এবং ব্যাপক জিজ্ঞাসাবাদে দীর্ঘ দিন যাবৎ বিভিন্ন কৌশল অবলম্বন করে ঢাকা শহরে ইয়াবা বিক্রি করার কথা তিনি স্বীকার করেন। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে যাত্রাবাড়ী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর সংশ্লিষ্ট ধারায় অত্র অধিদপ্তরের তত্ত্বাবধায়ক জনাব মোঃ ফজলুল হক খান বাদী হয়ে একটি নিয়মিত মামলা রুজু করেন।